গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,
পিরোজপুর সদর,পিরোজপুর।
www.sadar.pirojpur.gov.bd

স্মারক নং-০৫.১০.৭৯৮০.০০০.০০০.০৬.০০০২.২৬-৮৩৫ তারিখ : ২২/০৭/২০২৬ খ্রিঃ

**ফ্যামিলি কার্ড শুমারি ২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি:**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী ১লা আগস্ট ২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত ফ্যামিলি কার্ড মূল তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালিত হবে। সে লক্ষ্যে পিরোজপুর সদর উপজেলায় তথ্য সংগ্রহের জন্য মূল শুমারিকালীন তথ্য সংগ্রহকারী, রিজার্ভ তথ্য সংগ্রহকারী, সুপারভাইজার ও আইসিটি সুপারভাইজার নিয়োজিত করা হবে। আগ্রহী প্রার্থীদের নিকট হতে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করার জন্য আহ্বান করা হলো।

| ক্রম | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ১ | তথ্য সংগ্রহকারী | ক) ন্যূনতম এইচএসসি বা সমমান পাস<br>খ) বয়স: ১৮–৪০ বছর<br>গ) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে,লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারিরীকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের বাস্তব অভিজ্ঞতা | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%- এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও এনআইডি সংযুক্ত করতে হবে |
| ক্রম | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
| ১ | সুপারভাইজার (প্রতি ৯ জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ১ জন ) | ক) ন্যূনতম স্নাতক বা সমমান পাস<br>খ) বয়স: ২৫–৪৫ বছর<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপলিক্যাশন দক্ষতা পরীক্ষায়-৮০%+<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব,মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা | ক) প্রতিটি গণনা এরিয়া শারিরীকভাবে পরিদর্শন<br>খ) প্রতিগণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ,ডেটা লিংক ও অ্যাপ আপডেট নিশ্চিতকরণ | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%- এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত। | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও এনআইডি সংযুক্ত করতে হবে |

আবেদন ফরম প্রাপ্তির স্থান : উপজেলা সমাজসেবা কার্যালয়,পিরোজপুর সদর,পিরোজপুর-এর ওয়েবসাইট এবং সমাজসেবা অফিসে পাওয়া যাবে।
ওয়েব লিংক: https://dss. sadar. pirojpur.gov.bd

আবেদন ফরম বিতরণ,দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচী

| ক্রম: | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | ব্যবহারিক পরীক্ষার সম্ভাব্য সময় |
|---|---|---|---|
| ১ | ২২/০৭/২০২৬ খ্রিঃ হতে ২৫/০৭/২০২৬খ্রিঃ সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত | ২২/০৭/২০২৬ খ্রিঃ হতে ২৫/০৭/২০২৬খ্রিঃ সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত | ২৬/০৭/২০২৬খ্রিঃ, সকাল ১০.০০ ঘটিকা স্থান: শহীদ ওমর ফারুক মিলনায়তন, সদর উপজেলা। |

**শর্তাবলী:**

১) তথ্য সংগ্রহকারীগণ শুমারী চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
২) ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮টি তথ্য সংগ্রহ করতে হবে।
৩) তথ্য প্রযুক্তি খাতে দক্ষ হতে হবে।
৪) তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি করা যাবে না।
৫) কোনমতেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবে না।
৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা করা বাধ্যতামূলক।
৭) ট্যাবলেট সযত্নে রক্ষণ করতে হবে। অবহেলায় ক্ষতি হলে ক্ষতিপূরণ প্রযোজ্য।
৮) কোন পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ।
৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে।
১০) ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা ২০২৬ এতদসংক্রান্ত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।


22/09/2026

**মোঃ মতিউর রহমান**
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
পিরোজপুর সদর,পিরোজপুর।
মোবাইল: ০১৭১৬৪৫৮৪২৪

22/09/26

**মামুনুর রশীদ**
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
পিরোজপুর সদর,পিরোজপুর।
মোবাইল: ০১৩২১১৩৪০২৬
Email: unopirojpur@mopa.gov.bd